# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 28 June, 2025

শেরপুরের শ্রীবরদীতে প্রশাসনকে অবৈধ বালু উত্তোলন ও পাচারের খবর দেয়ায় আরিফ রেজা নামের এক জুলাই যোদ্ধা হামলার শিকার হয়েছেন।শুক্রবার (২৭ জুন) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে শ্রীবরদীর কর্ণঝোড়া ও শয়তানবাজারের মাঝামাঝি এলাকায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী আরিফ জানান, তিনি কর্ণঝোড়া নদী থেকে বালু উত্তোলন ও পাচারের তথ্য উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এসিল্যান্ডকে জানান।এর পর স্থানীয় বালুখেকো বিপ্লব, রুমান, রমজানসহ ১০-১২ জনের একটি সজ্ঞবদ্ধ দল তার ওপর হামলা চালায় এবং মোটরসাইকেলও ভাঙচুর করে।

আরিফ বলেন, তিনি শরীরে ছররা বুলেটসহ বিভিন্ন আগ্নেয়াস্ত্রের আঘাত বহন করছেন, তারপরও এবার বুকে লাথি মেরেছে হামলাকারীরা।

শ্রীবরদী থানার ওসি আনোয়ার জাহিদ জানিয়েছেন, এ ঘটনায় এখনও লিখিত অভিযোগ পাওয়া যায়নি, তবে তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন এবং অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

অবৈধ বালু উত্তোলন ও পাচার কর্ণঝোড়া শ্রীবরদী শেরপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 21:05

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073851